



## পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

স্মারক নং: পাবিপ্রবি/আই.কিউ.এ.সি/নিয়োগ/২০১৮-০১

তারিখ: ৩০/০৭/২০১৮ খ্রি.

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) এ শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য (ডিসেম্বর, ২০১৮) জরুরী ভিত্তিতে একজন হিসাবরক্ষক ও একজন এম.এল.এস.এস পদে নিয়োগদানের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	যোগ্যতা
১	হিসাবরক্ষক (একাউন্ট্যান্ট) হেড-১১	১ টি	প্রার্থীকে যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে হিসাব বিজ্ঞান এ সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল স্তরে নূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণীতে পাশ হতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনায় ও বাংলা টাইপিং এ বিশেষ দক্ষতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর। তবে অভিজ্ঞ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য।
২	এম এল এস এস হেড-২০	১ টি	প্রার্থীকে নূনতম এস.এস.সি পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। কম্পিউটারে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

- ১। আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : ১৪/০৮/২০১৮ ইং। সকল আবেদনপত্র পরিচালক, আই.কিউ.এ.সি., পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা- ৬৬০০ এ উক্ত তারিখের মধ্যে কার্যদিবসে (সরকারী- ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে।
- ২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে:  
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে)  
(ঙ) পরিচালক, আই.কিউ.এ.সি., পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা- ৬৬০০ বরাবর পোস্টাল অর্ডার দিতে হবে - ১ নং পদের জন্য ৫০০/- (পাচশত টাকা) এবং ২ নং পদের জন্য ৩০০/- (তিনশত টাকা)।
- ৩। (ক) সকল পদের প্রার্থীদের ০৩ (তিন) সেট আবেদনপত্র জমা দিতে হবে।  
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ৪। চাকরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৫। মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি বিধিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৬। ক্রটিপূর্ণ / অসম্পূর্ণ এবং বিলম্বপ্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৭। প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক যাচাই বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে মৌখিক /জবটেস্ট এর জন্য ডাকা হবে। এর জন্য কোন টিএ ডিএ প্রদান করা হবে না।
- ৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইট- [www.pust.ac.bd](http://www.pust.ac.bd) এ পাওয়া যাবে।

পরিচালক  
আই কিউ এ সি  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা